ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৩১৩

খোয়াই, ১২ আগস্ট, ২০২৫

# খোয়াইয়ে বর্ষামঙ্গল উৎসব এবং অশ্বিনী কুমার বিশ্বাস স্মৃতি ক্লাসিক্যাল তবলা বাদন প্রতিযোগিতা সম্পন্ন

খোয়াই জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের উদ্যোগে আজ খোয়াই পুরাতন টাউনহলে অনুষ্ঠিত হয়েছে বর্ষামঙ্গল উৎসব ও অশ্বিনী কুমার বিশ্বাস স্মৃতি ক্লাসিক্যাল তবলা বাদন প্রতিযোগিতা। অনুষ্ঠানের সূচনা করেন খোয়াই জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা সিংহ রায়। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খোয়াইয়ের বিশিষ্ট সমাজসেবী বিনয় দেববর্মা। সম্মানিত অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন খোয়াই জিলা পরিষদের কর্ম বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি অনুকূল দাস, খোয়াই আর.ডি. ব্লকের এস.সি. সাব-কমিটির চেয়ারম্যান সমীর কুমার দাস সহ অন্যান্যরা। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন খোয়াই জিলা পরিষদের সহকারী সভাধিপতি সতেন্দ্র চন্দ্র দাস এবং স্বাগত বক্তব্য রাখেন খোয়াই জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের যুগ্ম অধিকর্তা দিলীপ কুমার দেববর্মা।

অনুষ্ঠানে জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা সিংহ রায় বলেন, বর্ষামঙ্গল কেবল একটি সাংস্কৃতিক উৎসব নয়, এটি আমাদের প্রকৃতির প্রতি কৃতজ্ঞতা জানানোর এক অনন্য মাধ্যম। এই উৎসব আমাদের মনকে নতুন উদ্দীপনায় ভরিয়ে তোলে। অনুষ্ঠানের সম্মানিত অতিথি তথা খোয়াই জিলা পরিষদের কর্ম বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি অনুকূল দাস বলেন, এই ধরনের সাংস্কৃতিক আয়োজন গ্রামীণ শিল্পী ও প্রতিভাদের মঞ্চ প্রদান করে। বর্ষামঙ্গল উৎসব এবং তবলা বাদন প্রতিযোগিতা তরুণদের মধ্যে সঙ্গীতচর্চাকে আরও উজ্জীবিত করবে। বিশিষ্ট সমাজসেবী বিনয় দেববর্মা তার বক্তব্যে বলেন, সংস্কৃতি একটি জাতির পরিচয় বহন করে। বর্ষামঙ্গল উৎসবের মাধ্যমে আমরা আমাদের শিকড়ের সঙ্গে সংযুক্ত হই এবং নতুন প্রজন্মকে এই ঐতিহ্যের সাথে পরিচিত করি। অনুষ্ঠানে খোয়াই ও কল্যাণপুর সাংস্কৃতিক সেলের শিল্পীরা বর্ষামঙ্গলকে কেন্দ্র করে নৃত্য ও সংগীত পরিবেশন করেন।

এদিন অনুষ্ঠিত অশ্বিনী কুমার বিশ্বাস স্মৃতি তবলা বাদন প্রতিযোগিতায় খোয়াই জেলার বিভিন্ন বিদ্যালয়ের ১০ জন প্রতিযোগী অংশগ্রহণ করেন। প্রতিযোগিতায় গ্রুপ-এ এবং গ্রুপ-বি এই দুই গ্রুপের প্রতিযোগিতায় প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থানাধিকারীদের হাতে অতিথিগণ সনদপত্র ও পুরস্কার তুলে দেন। প্রতিযোগিতায় বিচারক ছিলেন আগরতলাস্থিত শচীন দেববর্মণ মেমোরিয়েল গভর্নমেন্ট মিউজিক কলেজের ফ্যাকাল্টি সুব্রত তালুকদার ও নারায়ণ মজুমদার।

*****